

(প্রেস বিজ্ঞপ্তি)

২৩ মে'২০২৪খ্রিঃ

ক্যাশলেস বাংলাদেশ গড়ার উদ্যোগ ক্যাশলেস লেনদেন হবে চট্টগ্রামের ২ কোরবানির হাটে

চট্টগ্রামে কোরবানির ২টি হাটের লেনদেনকে ক্যাশলেস করার ব্যাপারে একসাথে কাজ করবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এবং বাংলাদেশ ব্যাংক। বৃহস্পতিবার চট্টগ্রাম সিটি মেয়র (প্রতিমন্ত্রী) বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরীর কাছে টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে এ সংক্রান্ত পরিকল্পনা তুলে ধরেন বাংলাদেশ ব্যাংকের একটি প্রতিনিধি দল। প্রতিনিধি দলটি সভায় ক্রমান্বয়ে কোরবানির হাটকেন্দ্রীক ডিজিটাল লেনদেন প্রসারে কেন্দ্রীয় ব্যাংকের পরিকল্পনা তুলে ধরে। প্রতিনিধি দলটি জানায়, কোরবানির বাজারকে কেন্দ্র করে নগদ লেনদেনের ঝুঁকি নিরসনে এবং সরকারের স্মার্ট বাংলাদেশ নির্মাণের পরিকল্পনা বাস্তবায়নে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ২টি কোরবানির হাটে ক্যাশলেস লেনদেনের উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। এ বছর সাগরিকা গরুর বাজার এবং নুর নগর হাউজিং গরুর হাটে ডিজিটাল লেনদেন বুথ থাকবে। সভায় মেয়র বলেন, প্রধানমন্ত্রী যে ক্যাশলেস বাংলাদেশ গড়ার পরিকল্পনা গ্রহণ করেছেন তার সাথে সামঞ্জস্য রেখে চট্টগ্রামকে স্মার্ট নগরীতে পরিণত করার কাজ চলমান। এক্ষেত্রে এধরনের ডিজিটাল সেবার উদ্যোগ চট্টগ্রামের বিপুল অর্থনৈতিক সম্ভাবনার সুফল ঘরে তুলতে সহায়তা করবে পাশাপাশি অর্থনৈতিক অন্তর্ভুক্তির হারও বৃদ্ধি করবে। হাটে ডিজিটাল লেনদেন বুথ চালুর বিষয়ে ভূমি ও বিদ্যুৎসেবা প্রদানের আশ্বাস দেন মেয়র। এ দুটি বুথে এটিএম মেশিন, মোবাইলে আর্থিক লেনদেন সেবা, ডিজিটাল ব্যাংকিং ইত্যাদির সুবিধা উপভোগ করবেন কোরবানির হাটের ক্রেতা-বিক্রেতার। সভায় উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চসিক প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মোঃ হাবিবুর রহমান, যুগ্ম-পরিচালক মোঃ রাশেদুল ইসলাম, জুয়েল মজুমদার, উপ-পরিচালক তানভীর আহমেদ, মাস্টারকার্ড বাংলাদেশের কান্ডি ম্যানেজার সৈয়দ মোহাম্মদ কামালসহ বিভিন্ন ব্যাংক ও মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ।

(প্রেস বিজ্ঞপ্তি-২)

নারী উদ্যোক্তাদের এগিয়ে নিতে সরকার আন্তরিক: মেয়র রেজাউল

শিক্ষা, দক্ষতা বৃদ্ধিসহ নানামুখী বিনিয়োগের মাধ্যমে নারী উদ্যোক্তাদের এগিয়ে নিতে সরকার আন্তরিক বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো.রেজাউল করিম চৌধুরী। বৃহস্পতিবার এম অ্যান্ড এম বিজনেস কমিনিউকেশন কর্তৃক তিনদিনব্যাপি ঈদ ফেস্টিভাল ২০২৪ উদ্বোধন কালে মেয়র বলেন, বর্তমান সরকার নারীবান্ধব সরকার। শিক্ষা, প্রশিক্ষণ, সহজ শর্তে ঋণসহ নানামুখী বিনিয়োগের মাধ্যমে নারী উদ্যোক্তাদের এগিয়ে নিতে সরকার আন্তরিক। সরকারের উদ্যোগে নারীরা আজ সমাজের প্রতিটি ক্ষেত্রে নেতৃত্ব দিচ্ছেন। দেশকে ক্ষুধামুক্ত-দারিদ্রমুক্ত স্বপ্নের সোনার বাংলা করতে হলে নারীদের স্বাবলম্বী করার কোন বিকল্প নেই। এক্ষেত্রে সরকারের এ সুন্দর উদ্যোগকে এগিয়ে নিতে বেসরকারী খাতকেও এগিয়ে আসতে হবে।

এম অ্যান্ড এম বিজনেস কমিনিউকেশনের সিইও মানজুমা মোর্শেদকে আমি ধন্যবাদ জানাই নারী উদ্যোক্তাদের এগিয়ে নিতে প্রতি বছর তিন থেকে চারটি মেলার আয়োজন এ পাঁচ তারকা হোটেলে করে থাকেন তিনি। তার হাত ধরে অনেক নারী উদ্যোক্তা নিজেদের মেলে ধরছেন। এসময় আরো উপস্থিত ছিলেন এম অ্যান্ড এম বিজনেস কমিনিউশন#৩৯;র সিইও মানজুমা মোর্শেদ,পাঁচলাইশ আবাসিক কল্যান সোসাইটির সাধারণ সম্পাদক আবু সাঈদ সেলিম,মাস্টার কার্ড কান্ডি ম্যানেজার সৈয়দ মোহাম্মদ কামাল,রেডিসন বে ভিউ#৩৯;র চট্টগ্রাম সিও বিথ্রেডিয়ার মোহাম্মদ আলী (অব:) আবুল হাশেম পিএস টু মেয়র বখতিয়ার উদ্দিন খাঁন।এ মেলার পৃষ্ঠপোষকদের মধ্যে অন্যতম টাইটেল পার্টনার হলো য়াঁড়ঃ;মাস্টার কার্ডয়ঁড়ঃ;। এছাড়াও রয়েছে গোল্ড পার্টনার মুনু সিরামিক, সিলভার পার্টনার এস্টে মেডিকেল বাংলাদেশ, মিডিয়া পার্টনার দ্য ডেইলি স্টার এবং স্ট্র্যাটেজিক পার্টনার দ্য প্রেস্টিজ ম্যাগাজিন।তিনদিন ব্যাপি এ মেলা সকলের জন্য উন্মুক্ত।

চসিক ভ্রাম্যমান আদালত পরিচালিত
নিউ মার্কেট এলকায় দুই শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট চৈতী সর্বাবিদ্যা ও স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন আজ যৌথভাবে নিউমার্কেট মোড়, স্টেশন রোড, জুবিলী রোড, অমরচাঁদ রোডে উচ্ছেদ অভিযান পরিচালনা করেন। অভিযানে ফুটপাথ ও রাস্তা থেকে প্রায় দুই শতাধিক অবৈধ স্থাপনা উচ্ছেদ সহ মালামাল জব্দ করা হয়। অভিযানকালে ম্যাজিস্ট্রেটগণকে চসিকের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তা ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সহায়তা করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮